তারিখ ... 2 JUL 2013
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইনকিলাব

# পাবলিক পরীক্ষায় গণহারে পাস করানোয় শিক্ষার মান কমেছে -ড. মোশাররফ

স্টাফ রিপোর্টার : বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, সরকারের অব্যবস্থা, অবহেলা, দলীয়করণ, শিক্ষাঙ্গনে সন্ত্রাস এবং পাসের হারে গুরুত্ব দেয়ায় শিক্ষার মান কমেছে। সর্বোপরি তারা সস্তা বাহবা পাবার জন্য দেশের পাবলিক পরীক্ষায় গণহারে পাস করানোর ব্যবস্থা করেছে। এতে সার্বিকভাবে শিক্ষার গুণগত মানের কোন উন্নয়ন ঘটেনি। পাসের হার উর্ধ্বমুখী আর শিক্ষার মান নিম্নগামী এটি জাতির জন্য উদ্বেগজনক। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, শিক্ষাঙ্গনে বিরাজমান নৈরাজ্য ও সকল অনৈতিক কর্মকাণ্ডের বিরুদ্ধে ছাত্র-সমাজকে ঐক্যবদ্ধ হয়ে তা রুখতে হবে।

তিনি গতকাল সোমবার কুমিল্লার দাউদকান্দি পৌর সদরে ড. খন্দকার মোশাররফ হোসেন কলেজের একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাকালে এসব কথা বলেন।

ড. মোশাররফ বলেন, সরকারের ছত্রছায়ায় ছাত্রলীগের ক্যাডাররা রাজনীতির নামে শিক্ষাঙ্গনে অব্যাহত সন্ত্রাস, হল দখল, ভর্তি ও টেন্ডার বাণিজ্যের মত অনৈতিক কর্মকাণ্ডের চর্চা করছে। এতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ কলুষিত হয়েছে। সরকারের দলীয়করণ, অব্যবস্থা ও অবহেলাই-এর জন্য দায়ী। এসব অনৈতিক কর্মকাণ্ড আড়াল করতেই তারা গণহারে পাসের ব্যবস্থা করেছে। তিনি বলেন, আ'লীগ অতীতেও ক্ষমতায় থেকে পাবলিক পরীক্ষায় বই দেখে লেখার সুযোগ দিয়ে শতভাগ পাস করিয়ে শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করেছিল। তাদের কাছে দেশের শিক্ষা ব্যবস্থা কখনোই নিরাপদ নয়।

সুশিক্ষায় শিক্ষিত হয়ে আলোকিত সমাজ গঠনের লক্ষ্যে নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য ড. মোশাররফ ছাত্রছাত্রীদের প্রতি উদাত্ত আহ্বান জানান।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মাছুম বিল্লাহ'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, দাউদকান্দির পৌর মেয়র নাছির উদ্দিন আহমেদ এবং ড. মোশাররফ ফাউন্ডেশনের পরিচালক ও সুপ্রিম কোর্টের তরুণ আইনজীবী ড. খন্দকার মারুফ হোসেন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, শিক্ষানুরাগী শাহজাহান চৌধুরী, একেএম শামছুল হক, আবুল হাসেম চেয়ারম্যান প্রমুখ।